CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2020/TDC(CBCS)/ODD/SEM/**
**BNGHCC–502T/369**

**TDC (CBCS) Odd Semester Exam., 2020**
**held in March, 2021**

# BENGALI

**( 5th Semester )**

Course No. : BNGHCC–502T

**( বাংলার সামাজিক ও সাংস্কৃতিক ইতিহাস )**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন দশটি) : ২×১০=২০

(ক) মোঘল আমলে বাংলাদেশ কী নামে পরিচিত ছিল? আবুল ফজল তাঁর কোন্ গ্রন্থে 'বাংলা—বাঙ্গালা' নামের ব্যাখ্যা দিয়েছেন?

(খ) গুপ্ত আমলে বাংলাদেশে কয়টি ভুক্তির উল্লেখ পাওয়া যায়? যে-কোন একটি ভুক্তির নাম লেখো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



(গ) ‘গুড়’ নামক পণ্যের উল্লেখ পাওয়া যায় এমন একটি প্রাচীন গ্রন্থের নাম লেখো। এই পণ্য থেকে পরবর্তীকালে কোন্ জনপদের নাম হয়েছে?

(ঘ) পাল সাম্রাজ্যের প্রথম রাজা কে ছিলেন? তিনি কাদের দ্বারা নির্বাচিত হয়েছিলেন?

(ঙ) তুর্কি আক্রমণ কত সালে সংঘটিত হয়েছিল? বাংলার কোন্ রাজা তুর্কি আক্রমণে রাজ্য হারিয়েছিলেন?

(চ) শ্রীশ্রী চৈতন্যদেবের আবির্ভাব ও তিরোভাবের খ্রিস্টাব্দ উল্লেখ করো।

(ছ) যে-কোন দুজন পূর্ববঙ্গীয় ধারার ‘মনসামঙ্গল’-এর কবির নাম লেখো।

(জ) ‘ধর্মমঙ্গল’ কাব্যকে কোথাকার জাতীয় কাব্য হিসেবে মান্যতা দেওয়া হয়? এই ধারার যে-কোন একজন কবির নাম লেখো।

(ঝ) হেনরী ভিভিয়ান ডিরোজিও কে ছিলেন? তিনি কোন্ কলেজে শিক্ষকতা করতেন?

(ঞ) কত খ্রিস্টাব্দে এবং কোথায় হিন্দু কলেজ স্থাপিত হয়েছিল?

(ট) ডেভিড হেয়ার কে ছিলেন? তিনি কোন্ দেশে জন্মগ্রহণ করেছিলেন?

(ঠ) ইয়ংবেঙ্গল গোষ্ঠীর যে-কোন দুজন পুরোধা ব্যক্তিত্বের নাম লেখো।

(ড) কে ‘বঙ্গভঙ্গ’ প্রস্তাবটি করেছিলেন? কত সালে এই প্রস্তাবটি কার্যকরী হয়েছিল?





(ঢ) বাংলা সাহিত্যে বঙ্গভঙ্গের প্রতিক্রিয়াস্বরূপ রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা একটি উপন্যাসের নাম লেখো। উপন্যাসটির প্রকাশকাল নির্দেশ করো।

(ণ) বঙ্গভঙ্গের প্রতিবাদস্বরূপ হিন্দু-মুসলিম ঐক্য অটুট রাখতে রবীন্দ্রনাথ ঠাকুরের প্রস্তাব অনুযায়ী কোন্ উৎসবটির আয়োজন করা হয়? উৎসবটি অনশনরত অসংখ্য মানুষেরা কীভাবে পালন করেছিলেন?

(ত) ‘বাংলার মাটি বাংলার জল’ গানটির রচয়িতা কে? কোন্ ঘটনার প্রতিক্রিয়ায় এই গানটি রচিত হয়েছিল?

(থ) প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তীকালে রচিত কবি নজরুলের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(দ) মাণিক বন্দ্যোপাধ্যায়ের লেখা প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তী দুটি উপন্যাসের নাম লেখো।

(ধ) প্রথম বিশ্বযুদ্ধ কত সালে আরম্ভ হয়েছিল? এই বিশ্বযুদ্ধের সমাপ্তি কত সালে হয়?

(ন) দুই বিশ্বযুদ্ধের মধ্যবর্তীকালে রচিত যে-কোন দুটি নাটকের নাম লেখো।

## SECTION—B

যে-কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

২। ‘গৌড়’ ও ‘বঙ্গ’ নামকরণের মাধ্যমে যে কৌতূহলোদ্দীপক ইতিহাস আছে সে সম্পর্কে আলোচনা করো।

৩। বাংলা সাহিত্যের প্রাচীনতম পুঁথিটির অনুসরণে তৎকালীন বাঙালির সমাজ-জীবনের পরিচয় দাও।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৪। বাংলার সামাজিক ইতিহাসে তুর্কী আক্রমণের প্রভাব সম্পর্কে নাতিদীর্ঘ আলোচনা করো।

৫। বাংলার সমাজ ও সাহিত্যে শ্রীচৈতন্যদেবের মানবিক মহিমার অবদান সম্পর্কে আলোচনা করো।

৬। সমাজসংস্কার আন্দোলনে রাজা রামমোহন রায় অথবা ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান সম্পর্কে আলোচনা করো।

৭। উনিশ শতকের সমাজ-জীবনে ইংরেজী শিক্ষার অভ্যুদয় সম্পর্কে আলোচনা করো।

৮। বঙ্গভঙ্গ আন্দোলনে রবীন্দ্রনাথ ঠাকুরের ভূমিকা সম্পর্কে আলোচনা করো।

৯। বঙ্গভঙ্গ আন্দোলনের প্রতিক্রিয়ায় দেশের মধ্যে সন্ত্রাসবাদী ও দাম্ভিক দেশপ্রেমের যে তামসিক মত্ততা দেখা দিয়েছিল, রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর উপন্যাসের মধ্যে এই ব্যাপারটিকে কীভাবে তুলে ধরেছেন সে সম্পর্কে আলোচনা করো।

১০। প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তীকালে লেখা বাংলা কবিতায় কিছু নতুন প্রবণতা বা বিশেষ কিছু বৈশিষ্ট্য দেখা দিয়েছিল, সে সম্পর্কে তৎকালীন সময়ের কবিদের লেখা কবিতাগুলি সম্পর্কে আলোচনা করো।

১১। দুই বিশ্বযুদ্ধের মধ্যবর্তীকালে রচিত বাংলা উপন্যাসে মধ্যবিত্ত মানুষের মনস্তাত্ত্বিক জটিলতার যে ছবিটি ফুটে উঠেছিল, যে কোনো দু'টি উপন্যাস অবলম্বনে তা বুঝিয়ে দাও।

***

10-21—670/**271**